গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনাইমুড়ী, নোয়াখালী

স্মারক নং-০০.৪২.৭৫৮৩.০০২.০০.০১৩.২৩-                                                        তারিখঃ ১৫ জানুয়ারি ২০২৩

২০(বিশ) একর পর্যন্ত বদ্ধ খাস জলাশয় সমূহের ১৪৩০ বাংলা সন হতে ১৪৩২ বাংলা সনের
ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সোনাইমুড়ী উপজেলাধীন সকল নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতিকে জানানো যাচ্ছে যে, সোনাইমুড়ী উপজেলার ২০(বিশ) একর পর্যন্ত বদ্ধ খাস জলাশয়সমূহ ১৪৩০ বাংলা সনের ১ বৈশাখ হতে ১৪৩২ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদী ইজারা প্রদানের জন্য নির্ধারিত ফরমে দরপত্র সিডিউলের মাধ্যমে বিজ্ঞপ্তি তথ্যাদি ও শর্তসমূহের ভিত্তিতে সিলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র.নং. | ইউনিয়নের নাম | জলমহালের নাম | আয়তন (একরে) | সরকারি ইজারা মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|---|
| ১ | বজরা | বজরা শাহী মসজিদ খাস পুকুর | ০.৭২০০ | ৪০,০০০/- | ৫০০/- |
| ২ | বজরা | দেয়ানজির হাট খাস পুকুর | ০.৬৭০০ | ২০,৫০০/- | ৫০০/- |
| ৩ | সোনাপুর | কালিকাপুর ভূঞা বাড়ী খাস পুকুর | ০.৩১০০ | ১০,৫০০/- | ৫০০/- |
| ৪ | আমিশাপাড়া | আবিরপাড়া স্বাস্থ্য কেন্দ্র সংলগ্ন পুকুর | ০.২৮০০ | ১০,০০০/- | ৫০০/- |

জলমহাল ইজারা প্রদানের সিডিউল

| ক্র. নং | তারিখ | গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ০৬ মাঘ থেকে ২৫ মাঘের মধ্যে | অনলাইনে আবেদন দাখিল | |
| ২ | ২৬ মাঘ থেকে পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে | অন লাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল | |
| ৩ | ০৬ ফাল্গুনের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই | |
| ৪ | ১৫ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন | |
| ৫ | ০৭ চৈত্রের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ | |
| ৬ | ২৩ চৈত্রের মধ্যে | ইজারা গ্রহীতাদেরকে নির্ধারিত কোডে ইজারামূল্য জমা প্রদান এবং ইজারা চুক্তি সম্পাদন | |
| ৭ | ১ বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া | |

অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

২। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময় সীমার ০৩ কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্ট কপিসহ জল মহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে অর্ডারের মূল কপি সিলগালা মুখবন্ধ খামে সংশ্লিষ্ট জেলা/উপজেলায় দাখিল করতে হবে। সিলগালাকৃত উল্লেখিত খামের উপরিভাগে জলমহাল ইজরা প্রাপ্তির জন্য আবেদন কথা গুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপাশে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

বিঃদ্রঃ ভূমি মন্ত্রণালয়ের সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ এবং ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখার ১৪/১১/২০২১ তারিখের ১২১ নং স্মারকের পরিপত্র অনুযায়ী সকল বিষয় নির্ধারিত।

১৫/০১/২০২৩
মোঃ ইসমাইল হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
সোনাইমুড়ী, নোয়াখালী
ও
**সভাপতি**
**উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনাইমুড়ী, নোয়াখালী

## জলমহাল ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে নোয়াখালী জেলার সোনাইমুড়ী উপজেলায় ২০ একর পর্যন্ত খাস বদ্ধ জলমহাল সমূহ ১৪৩০ বঙ্গাব্দ হতে ১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে স্থানীয়ভাবে সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতির নিকট থেকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | জলমহালের নাম | পৌরসভা/ইউনিয়ন | মৌজার নাম | দাগ নং | পরিমাণ | ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বজরা শাহী মসজিদ খাস পুকুর | বজরা | ২৪৮ নং বজরা | ১৪৩ | ০.৭২০০ একর | ৪০,০০০/- |
| ০২ | দেয়ানজির হাট খাস পুকুর | বজরা | ২৭১ নং বাটরা | ৩৪৪ | ০.৬৭০০ একর | ২০,৫০০/- |
| ০৩ | কালিকাপুর ভূঞা বাড়ী খাস পুকুর | সোনাপুর | ৭৪ নং উত্তর কালিকাপুর | ১২৮৮ | ০.৩১০০ একর | ১০,৫০০/- |
| ০৪ | আবিরপাড়া স্বাস্থ্য কেন্দ্র সংলগ্ন পুকুর | আমিশাপাড়া | ৫৫ নং আবিরপাড়া | ২২৩ | ০.২৮০০ একর | ১০,০০০/- |

জলমহাল ইজারা প্রদানের সিডিউল

| ক্র. নং | তারিখ | গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ০৬ মাঘ থেকে ২৫ মাঘের মধ্যে | অনলাইনে আবেদন দাখিল | |
| ২ | ২৬ মাঘ থেকে পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে | অন লাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল | |
| ৩ | ০৬ ফাল্গুনের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই | |
| ৪ | ১৫ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন | |
| ৫ | ০৭ চৈত্রের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ | |
| ৬ | ২৩ চৈত্রের মধ্যে | ইজারা গ্রহীতাদেরকে নির্ধারিত কোডে ইজারামূল্য জমা প্রদান এবং ইজারা চুক্তি সম্পাদন | |
| ৭ | ১ বৈশাখের মধ্যে | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া | |

ইজারা বন্দোবস্ত প্রদানের শর্তাবলী :

ক) নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবি সমিতি যা সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত কেবল মাত্র সে সকল সমিতি জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন। উক্ত সমিতিতে যদি প্রকৃত মৎস্যজীবি নহেন, এমন কোন সদস্য থাকেন, তাহলে সে সমিতি জলমহাল ইজারা বন্দোবস্ত প্রাপ্যতার ক্ষেত্রে অযোগ্য বিবেচিত হবে।

খ) কোন অনিবন্ধিত সংগঠন/সমিতি সরকারী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন না।

গ) জলমহালের নিকটবর্তী/ তীরবর্তী নিবন্ধিত স্থানীয় প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে বন্দোবস্তের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবি সংগঠন পাওয়া না গেলে সেক্ষেত্রে ভূমি মন্ত্রণালয়ের ১৪ মার্চ, ২০১২ তারিখের প্রজ্ঞাপন (সংশোধিত) অনুসারে বন্দোবস্ত প্রদানের বিষয়ে বিবেচনা করা হবে।

ঘ) বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখ সমূহের মধ্যে অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসার, সোনাইমুড়ী, নোয়াখালী এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট যে কোন তফসিলিয় ব্যাংক হতে দাখিল সাপেক্ষে উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়, সোনাইমুড়ী, নোয়াখালী এবং সহকারী কমিশনার (ভূমি), সোনাইমুড়ী, নোয়াখালী কার্যালয় হতে আবেদনপত্র ক্রয় করা যাবে।

ঙ) আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতি হলে বর্তমানে কার্যকর আছে তার প্রমান স্বরূপ জেলা/ উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং বিগত ০২(দুই)বছরের অডিট রিপোর্ট আবেদনের সাথে দাখিল করবেন তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্ট প্রয়োজন হবে না

চ) আবেদনকারী সংগঠন/সমিতি নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলে সময় তাদের সদস্যগণের নামের (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

ছ) আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/ সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভাপতি/ সদস্য-সচিবের সিল সম্বলিত স্বাক্ষরযুক্ত নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে সংগঠন/ সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র সহ প্রয়োজনীয় তথ্য ও ছবি সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন / সমিতিকে ০৩ বছর মেয়াদে লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ আবেদন বাতিলযোগ্য বিবেচিত হবে।

জ) আবেদনকারী সংগঠন পূর্বে কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধের খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন মামলা থাকলে বা রাষ্ট্র বিরোধী কোন কার্যে সম্পৃক্ত থাকলে উক্ত সংগঠন/সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবেন না।

ঝ) বিজ্ঞপ্তিতে অর্ন্তভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করবেন। লীজ প্রাপ্ত সমিতির লীজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

ঞ) কোন নির্দিষ্ট জলমহালের বিপরীতে একাধিক সমিতি আবেদন করলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি আলোচনার মাধ্যমে একটি সমিতিকে বন্দোবস্ত প্রদান করতে পারবেন।

ট) সময়মত লীজমানি পরিশোধ না করা সংক্রান্ত তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কমিটি লীজ বাতিল করে পুনঃলীজ প্রদানের ব্যবস্থা করবেন।

ঠ) ইজারাকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা হস্তান্তর করা যাবে না। যদি তা করে থাকেন তাহলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করে জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করবেন।

ড) কোন মৎস্যজীবি সংগঠন/সমিতি ০২(দুই) টির অধিক জলমহাল বন্দোবস্ত পাবেন না।

ঢ) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত প্রাপ্ত সংগঠনকে সম্পূর্ন ইজারা মূল্যের ১৫% ভ্যাট, ৫% আয়করসহ ১৫ কার্য দিবসের মধ্যে পরিশোধ করতে হবে। সম্পূর্ন টাকা পরিশোধের পর বন্দোবস্ত গ্রহীতা চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না ।

ণ) বছরের যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১ বৈশাখ থেকে কার্যকর হবে। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। উক্ত জলমহালের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে।

ত) জলমহাল বন্দোবস্ত সম্পর্কিত যাবতীয় তথ্য উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি), সোনাইমুড়ী, নোয়াখালী'র কার্যালয় হতে অফিস চলাকালীন জানা যাবে।

থ) বর্তমান প্রচলিত নীতিমালা এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল বিধি বিধান/ আইন-কানুন ইজারা গ্রহীতা মানতে বাধ্য থাকবেন।

দ) যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৫/০১/২০২৩

(মোঃ ইসমাইল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
সোনাইমুড়ী, নোয়াখালী
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

স্মারক নং-০০.৪২.৭৫৮৩.০০২.০০.০১৩.২৩- ২৩

তারিখ: ১৫/০১/২০২৩

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য, ২৬৮ নোয়াখালী-১
২। জেলা প্রশাসক, নোয়াখালী
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনাইমুড়ী, নোয়াখালী
৪। মেয়র, সোনাইমুড়ী পৌরসভা, সোনাইমুড়ী, নোয়াখালী
৫। উপজেলা------------------------------------------------- কর্মকর্তা, সোনাইমুড়ী, নোয়াখালী
৭। চেয়ারম্যান,............................................................ ইউপি (সকল), সোনাইমুড়ী, নোয়াখালী
৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ..............................................(সকল), সোনাইমুড়ী, নোয়াখালী

১৫/০১/২০২৩

(মোঃ শাহিন মিয়া)
সহকারী কমিশনার (ভূমি)
সোনাইমুড়ী, নোয়াখালী
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি